

আরবিআই কর্তৃক বহুস্তরীয় বিপনন কার্যকলাপের বিরুদ্ধে জনসাধারণের প্রতি সতর্কতা

ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক বহুস্তরীয় বিপনন (মাল্টি লেভেল মার্কেটিং-এমএলএম) কার্যকলাপের বিষয়ে জনগণকে সতর্ক করেছে যাতে তাঁরা অসদুপায়ী সংস্থাসমূহ কর্তৃক প্রতারণিত না হন।

এইসকল সংস্থাসমূহের কার্যপদ্ধতি ব্যাখ্যা করতে গিয়ে রিজার্ভ ব্যাঙ্ক বলেছে যে এমএলএম/চেন মার্কেটিং/ পিরামিড-কাঠামো প্রকল্পগুলি সদস্য সংগ্রহের মাধ্যমে সুলভে বা দ্রুত অর্থোপার্জনের প্রতিশ্রুতি দেয়। প্রস্তাবিত প্রকল্পগুলির(প্রোডাক্টস) বিক্রয়বাবদ উপার্জিত অর্থের তুলনায় আয় বাবদ অর্থের সিংহভাগ এইসকল প্রকল্পগুলিতে উপার্জন করা হয় বেশী বেশী করে সদস্য নথিভুক্ত করে যাদের কাছ থেকে মোটা টাকা চাঁদা হিসাবে তোলা হয়। উপস্থিত সদস্যগণের দায়িত্ব থাকে আরও নতুন সদস্য সংগ্রহ করার, কারণ সদস্যদের থেকে সংগৃহীত চাঁদার একটা অংশ পিরামিডের উপরের দিকের সদস্যদের মধ্যে ভাগ করে দেওয়া হয়। শৃঙ্খলিত ব্যবস্থাটির কোনও একটি অংশে চ্যুতি ঘটলে পিরামিডটি ধসে পড়ে, আর পিরামিডের নিচুতলার সদস্য যারা তারাই সবচেয়ে বেশী ক্ষতিগ্রস্ত হয়।

ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক জনসাধারণকে পরামর্শ দিয়েছে যে বহুস্তরীয় বিপনন/চেন মার্কেটিং/ পিরামিড কাঠামো প্রকল্প পরিচালনা করা সংস্থাসমূহের অধিক প্রাপ্তিলাভের(রিটার্ন) প্রস্তাবে প্রলুব্ধ হওয়া উচিত নয়। রিজার্ভ ব্যাঙ্ক পুনর্বীর জানিয়েছে যে এধরণের প্রস্তাবের শিকার হওয়ার ফল হল সরাসরি আর্থিক ক্ষতি, এবং তাঁদের, নিজেদের স্বার্থে, এরকম কোনওভাবে করা প্রস্তাবসমূহে সাড়া দেওয়া থেকে বিরত থাকা উচিত।

রিজার্ভ ব্যাঙ্ক আরও বলেছে যে মানি সার্কুলেশন/বহুস্তরীয় বিপনন/পিরামিড কাঠামোর ভিত্তিতে আগত অর্থ গ্রহণ করা প্রাইজ চিট অ্যান্ড মানি সার্কুলেশন (ব্যানিং) অ্যাক্ট, 1978 অনুসারে আদালতগ্রাহ্য অপরাধ। এরকম প্রস্তাব দেখতে পেলে অবিলম্বে জনসাধারণের রাজ্য পুলিশে অভিযোগ দাখিল করা উচিত।

অল্পনা কিল্লাওয়াল
প্রধান মুখ্য মহাপ্রবন্ধক